



ক্যাম্পাসের ঘটনা :

**ছাত্রদল
জড়িত নয়--**

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষের গাড়িতে হামলার ঘটনায় উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে বলেছে: এই অশুভ ঘটনার সঙ্গে

ক্যাম্পাসের ঘটনা

(প্রথম পঃ পর)

আসাদুজ্জামান রিপন ও সাধারণ সম্পাদক আমানুল্লাহ আমান এক বিবৃতিতে বলেন ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ বিভাগের ভাষ্যে বলা হয়েছে হামলাকারীরা নয় জন ছাত্রের বিহিস্কারদেশ প্রসঙ্গ তুলে নাকি তার গাড়ি লক্ষ্য করে গুলি ছোঁড়ে। এই ভাষ্যে পরোক্ষভাবে ঘটনার সঙ্গে ছাত্রদলকে জড়ানোর ইঙ্গিত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিবৃতিতে ছাত্র নেতৃবৃন্দ 'আসাদ' হিসাবে আখ্যায়িত করে এর নিন্দা করেন।

তারা বলেন, বিশ্ববিদ্যালয় কতপক্ষ সুকৌশলে সংঘটিত ঘটনার সঙ্গে নয়জন ছাত্রের বিহিস্কারদেশ প্রসঙ্গ উল্লেখ করে প্রকৃত ঘটনা আড়াল করার চেষ্টা করছেন। কারণ কোষাধ্যক্ষ ছাত্র বিহিস্কারের কোন প্রতিক্রিয়া সঙ্গেই প্রশাসনিকভাবে যুক্ত ছিলেন না। ছাত্রদল তার বিরুদ্ধে কোনদিন কোন অভিযোগ করেনি। ডঃ ফারুক বিএনপি সরকারের আমলে প্ল্যানিং কমিশনেরও সুযোগ্য সদস্য ছিলেন। তার গাড়িতে হামলার ঘটনায় ছাত্রদলের কোন সদস্যের সংশ্লিষ্ট থাকার পশনই ওঠে না।

ছাত্রদল নেতৃবৃন্দ আরো বলেন নয়জন ছাত্রকে দেড় বছরেরও আগে অবৈধভাবে বিহিস্কারের পর ছাত্রদল ধৈর্য্য সংযম প্রদর্শন করেছে এবং এ আদেশ প্রত্যাহার দাবীতে নিয়মতান্ত্রিক কর্মসূচী পালন করে আসছে।

ছাত্রদল নেতৃবৃন্দ নির্ধারিত সময়ে বিশ্ববিদ্যালয় খোলা পরীক্ষাসমূহ যথাসময়ে নেয়াসহ নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও নিরীহ ছাত্র কর্মীদের হয়রানি বন্ধ করার দাবী জানান।

তারা অভিযোগ করেন যে ঢাকা কলেজ ছাত্রদলের ওপর ছত্রলীগের (হা-অ) সশস্ত্র হামলা ও জহরুল হক হলে ওই সংগঠনের ছত্রছায়ায় বিহিস্কারিত দৃষ্কৃতকারীদের বিরুদ্ধে কতপক্ষ কোন ব্যবস্থা নিতে ব্যর্থ হন। ছাত্রদল নেতৃবৃন্দ এ সময়ে কোষাধ্যক্ষের গাড়িতে হামলা ও নির্ধারিত ছত্রটির একদিন আগে বিশ্ববিদ্যালয় ছত্রটি বেসংগত নিন্দা করেন।

বিএনপি মহাসচিব ব্যারিস্টার আবদুস সালাম হালুদার এক বিবৃতিতে ছাত্রদল কর্মীদের ওপর বিহিস্কারিত সশস্ত্র দৃষ্কৃতকারীদের হামলা থেকে উত্তম পরিমার্জন নিরপেক্ষ সমাধানে ব্যর্থ হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও প্রকৌশলী গাড়িতে হামলার নিন্দা করে বলেন যে লা পানিতে মাজু শিকারের অপদেবশ্যে সরকারী ছত্রছায়ায় কতিপয় বিহিস্কারিত দৃষ্কৃতকারী এ ঘটনার ঘটনা ঘটবে। এ জন্যে ছাত্রদল আদৌ দায়ী নয়।

বিএনপি মহাসচিব ঢাকা মহানগরী ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক সাইফুল হুদা ইমনকে স্রেফ তার ও তার 'ঐতিহ্যিক নিষ্ঠা' নিন্দা করেছেন।